

# সময় কাটে না, টিভি এল প্রসূতি বিভাগে

নিজস্ব সংবাদদাতা, কৃষ্ণনগর:  
সচেতনতার পাঠ আগেও দেওয়া হত।  
কিন্তু, তাতে যে বিশেষ কাজ হয়নি,  
তা মানছেন স্বাস্থ্য কর্তারাও। এ বার  
শিশু-মায়াদের জন্য বিশেষ ব্যবস্থা  
করেছে স্বাস্থ্য দফতর।

তারা চাইছে, শিশু এবং মায়াদের  
পরিচর্যার পাঠ শুরু হোক হাসপাতাল  
থেকেই। সেই লক্ষ্যে রাজ্যের ৯৫টি  
হাসপাতালের প্রসূতি বিভাগে দু'টি  
করে টিভি সেট দেওয়া হয়েছে।  
সেখানে শিশু এবং মায়াদের পরিচর্যা  
নিয়ে বিভিন্ন শিক্ষামূলক ভিডিও  
দেখানো হয়।

রাজ্য স্বাস্থ্য দফতরের টাকায়  
কেবলমাত্র মেডিক্যাল কলেজ, জেলা  
হাসপাতাল, মহকুমা হাসপাতাল  
এবং স্টেট জেনারেল হাসপাতালেই  
টিভি মিলেছে। কিন্তু, প্রত্যন্ত গ্রামের  
প্রসূতির সাধারণত ব্লক প্রাথমিক



টিভিতে মগ্ন হাসপাতাল।

স্বাস্থ্যকেন্দ্রেই আসেন। এ বার নদিয়া  
জেলা স্বাস্থ্য বিভাগ নিজেদের খরচে  
ব্লক স্বাস্থ্যকেন্দ্রের প্রসূতি বিভাগেও  
টিভির ব্যবস্থা করল।

স্বাস্থ্য কর্তারা জানাচ্ছেন, গ্রামে-  
গঞ্জে শিশুদের দেখভাল হয় প্রসূতিদের  
মা-মাসিদের খেয়াল অনুযায়ী।  
চিকিৎসকরা জানাচ্ছেন, পুরনো  
পদ্ধতিতে শিশুদের পরিচর্যা অনেক  
সময় বিপদ ডেকে আনে। সেই জন্য  
চিকিৎসক, স্বাস্থ্য কর্মীরা মায়াদের  
নানাভাবে বোঝানও। কিন্তু, তাতে  
বিশেষ লাভ হয় না। চিকিৎসকরা  
বলছেন, অডিও ভিসুয়াল বা দৃশ্য-  
শ্রবণ মাধ্যমের মাধ্যমে কিছু বোঝালে  
তা অনেক বেশি কার্যকর হয়। সেই  
জন্য এই ব্যবস্থা।

নদিয়ার মুখ্য স্বাস্থ্য আধিকারিক  
তাপস রায় জানান, শুধু শিশু-  
মায়াদের পরিচর্যাই নয়, টিভি সেটে  
দেখানো হচ্ছে বিনোদনমূলক নানান  
অনুষ্ঠান। যাতে মায়েরা একঘেয়েমি  
কাটাতে পারেন।

মাস খানেক আগেই জেলা  
স্বাস্থ্যদফতরের নিজস্ব তহবিল  
থেকে হাসপাতাল পিছু টিভির জন্য  
১৫হাজার টাকা করে বরাদ্দ করা  
হয়েছে। ইতিমধ্যে ১৫টি হাসপাতালে  
টিভি বসানো হয়েছে। জেলা স্বাস্থ্য  
দফতর নিজস্ব তহবিল থেকেই এই  
টাকার ব্যবস্থা করেছে।



১৫/০৮-১৫ (নদিয়া)

স্বাস্থ্যদফতর, নদিয়া ২২ জুলাই ২০১৬